জেলাশাসকের দ্বারস্থ

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২৪ জুলাই ঃ মোট ৭ দাবি নিয়ে ঝাড়গ্রাম জেলা শাসকের কাছে ডেপুটেশন জমা দিলেন ঝাড়গ্রামের হাতি তাড়ানো হুলা পার্টির সদস্যরা। সোমবার ঝাড়গ্রামের হাতি তাড়ানোর সকল কর্মীরা ঝাড়গ্রামে উপস্থিত হন এবং ৭ দফা দাবি নিয়ে তাদের ডেপুটেশন পেশ করেন। তাদের মূলত দাবী হাতি ড্রাইভের কাজের জন্য সকল হুলা পার্টির সদস্যদের পর্যাপ্ত হাতি তাড়ানোর সরঞ্জাম সহ সেফটি কিট প্রদান করতে হবে। এছাড়াও হাতির হানায় কোনো হুলা পার্টির সদস্য নিহত হলে ১৫ লক্ষ টাকা আর্থিক ক্ষতিপূরণ সহ পরিবারের একজন সদস্যকে দ্রুত চাকরি প্রদান করতে হবে। এইসব দাবি সহ মোট ৭ দফা দাবি নিয়ে সোমবার জেলাশাসকের কার্যালয়ে এসে জেলাশাসকের কাছে ডেপুটেশন জমা দিলেন হুলা পার্টির সদস্যরা। ইতিমধ্যেই সমস্ত হুলা পার্টি সদস্যরা হাতি তাড়ানো থেকে বিরত রয়েছেন। হুলা পার্টির সদস্যরা জানান, তাদের দাবি না মানা হলে তাদের কর্মবিরতি চলছে চলবে। আর এর ফলে সমস্যায় পড়তে হচ্ছে সাধারণ মানুষকে। কারণ এলাকায় হাতি প্রবেশ করলে একমাত্র গাইড করেন এই হুলা পার্টি সদস্যরা। আর তারা কাজ না করায় বুনো হাতিরা গ্রামের মধ্যে প্রবেশ করে হামলা চালাচ্ছে। সেই হাতি তাড়াতে গিয়ে প্রাণ হারাচ্ছেন গ্রামবাসীরা। বন্য হাতির হামলায় আতঙ্কে ভুগছে ঝাড়গ্রামবাসী।

নেতাকে খুনের চেষ্টা

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২২ জুলাই ঃ রবিবার রাতে মুর্শিদাবাদে সুতি ২ নম্বর ব্লকের উমরাপুর গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের প্রাক্তন প্রধান মজিবুর রহমানকে ধারালো অস্ত্র দিয়ে খুনের চেষ্টার অভিযোগ উঠল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে ভরতি করা হয়েছে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে। জখম তৃণমূল প্রাক্তন প্রধান মজিবুর রহমান যদিও এবার পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হয়ে পরাজিত হয়েছেন। বেশি রাতে বাড়ি ফেরার পথে ধারালো অস্ত্র নিয়ে কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা তাঁর উপর প্রাণহানি আক্রমণ করেছে বলে অভিযোগ করেছেন জখম মজিবুর রহমানের ছেলে নাসিম শেখ। যদিও সুতি ২ নম্বর ব্লক কংগ্রেস সভাপতি মতিউর রহমান তাঁদের বিরুদ্ধে ওঠা অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করে পালটা অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেসের গোষ্ঠীদ্বন্দ্বের জেরে এই ঘটনা ঘটেছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। এলাকায় তীব্র উত্তেজনা থাকায় পুলিশ টহলদারি চলছে। এই ঘটনায় পুলিশ এখনও কাউকে গ্রেফতার করতে পারেনি বলে জানা গিয়েছে। অন্যদিকে, সোমবার সকালে ফরাক্কা ব্লকের মহেশপুর পঞ্চায়েতের পূর্ব শিবতলার একটি পরিত্যক্ত বাড়ি থেকে উদ্ধার হয় বালতি ভরতি ৩০টি তাজা বোমা। এই ঘটনায় তিনজন গ্রেফতার হয়েছে।

প্রতিবাদে রাস্তায়

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৪ জুলাই ঃ মনিপুর জ্বলছে, জ্বলছে ভারতবর্ষ, জ্বলছে পশ্চিমবঙ্গ। রাষ্ট্রীয় উদাসীনতায় মনিপুরের নারী শক্তি বিবস্ত্র হচ্ছে। ধর্ষিতা ও নিগৃহীতা কন্যারত্ন। এরই প্রতিবাদে গর্জে উঠুন। সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতি জলপাইগুড়ি জেলা কমিটি এই স্লোগানকে সামনে রেখে সোমবার ধিক্কার মিছিল বের করে জলপাইগুড়িতে। মনিপুরের ঘটনা এবং মালদায় দুই আদিবাসী মহিলাকে বিবস্ত্র করে অত্যাচারের বিরুদ্ধে জলপাইগুড়িতে বিক্ষোভ শামিল সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতি জলপাইগুড়ি জেলা কমিটির পক্ষ থেকে। শহরে ধিক্কার মিছিল বের করার পাশাপাশি জলপাইগুড়ি শহরের থানা মোড়ে বিক্ষোভ দেখানো হয়।

তারস্বরে লাউড স্পিকার বাজিয়ে শোভাযাত্রা

পুলিশ বাধা দেওয়ায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখালেন শিবভক্তরা

দুরন্ত বার্তা, কাঁথি, ২৪ জুলাই ঃ তারস্বরে লাউড স্পিকার বাজিয়ে শিবের মাথায় জল ঢালতে গিয়ে শিবভক্তদের বাধা দিল পুলিশ। তাঁদের কাছ থেকে লাউডস্পিকার বাজেয়াপ্ত করে নিয়ে যায় পুলিশ। এর জেরে পুলিশের সঙ্গে বচসা বাঁধে শিবভক্তদের। তাঁদের অভিযোগ, লাউড ছাড়িয়ে নেওয়ার জন্য প্রচুর পরিমাণে টাকা দাবি করে পুলিশ। এর প্রতিবাদে রাস্তায় বসে বিক্ষোভ দেখান শিবভক্তরা। এমনকী তাঁদের ওপর পুলিশ লাঠিচার্জ করেছে বলেও অভিযোগ। ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুর জেলার বালিঘাই বিডিও অফিস সংলগ্ন এলাকায়। সাধারণত, হিন্দু রীতি অনুযায়ী, পুণ্য অর্জনের জন্য প্রতি শ্রাবণ মাসে শিবের মাথায় জল ঢালতে যান শিব ভক্তরা। সেই রীতি মেনে সোমবার বেলার দিকে পূর্ব মেদিনীপুরের এগরা ২ ব্লকের বেতা-দুবদা গ্রামের ভক্তরা এগরার কুদি থেকে জল নিয়ে যাচ্ছিলেন। তাঁদের সঙ্গে ছিল লাউডস্পিকার। তারস্বরেই গান বাজছিল লাউডস্পিকারে। বিষয়টি স্থানীয় থানার পুলিশের নজরে আসে। শিব ভক্তদের যাওয়ার পথে দোঁবাধিতে পুলিশ পথ আটকায়। বাধা পেয়ে পুলিশের সঙ্গে বচসায় জড়িয়ে

পড়েন শিব ভক্তরা। লাউড স্পিকার আটক করে এগরা থানার পুলিশ। ভক্তরা বাধা দিতে চাইলে এগরা থানার পুলিশ সবার ওপর লাঠিচার্জ করে বলে অভিযোগ। তারই প্রতিবাদে পূর্ব মেদিনীপুর জেলার বালিঘাইতে কাঁথি-বেলদা রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান শিব ভক্তরা। এমনকী লাউড স্পিকার ছাড়ার জন্য পুলিশ তাঁদের কাছ থেকে ৫০ হাজার টাকা দাবি করে বলেন অভিযোগ। প্রায় ১ ঘণ্টা কাঁথি-বেলদা রাজ্য সড়ক পথ অবরোধ করে রাখেন ভক্তরা। তাঁরা পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন। পরে অবশ্য তাঁদের বিক্ষোভ উঠে যায়। বিক্ষোভকারীদের মধ্যে একজন বলেন, আমরা জল আনতে গিয়েছিলাম ফেরার পথে পুলিশ আমাদের আটকে দেয়। আমরা তারস্বরে লাউড স্পিকার বাজাচ্ছিলাম। সেই কারণে আমাদের কাছ থেকে সেগুলি নিয়ে নিয়েছিল পুলিশ। তারই প্রতিবাদে আমরা রাস্তার ওপর বিক্ষোভ অবরোধ করি। কয়েক'শো শিবভক্ত এদের রাস্তা অবরোধ করেন। পুরুষদের পাশাপাশি অসংখ্য মহিলাও ছিলেন এই দলে। এদিকে, এই ঘটনার জেরে ওই রাস্তায় যানজটের সৃষ্টি হয়। দীর্ঘক্ষণ ধরে পথ অবরোধ থাকায় রাস্তায় যানবাহনের লম্বা লাইন পড়ে। যার ফলে প্রচন্ড দুর্ভোগে পড়েন যাত্রীরা। পরে পুলিশ গিয়ে অবরোধ তুলে দিলে পুনরায় যান চলাচল স্বাভাবিক হয়।

তৃণমূল নেতাকে মারায় গ্রেফতার

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২৪ জুলাই ঃ তৃণমূল নেতাকে মারধর করার ঘটনায় গ্রেফতার জেলা বিজেপি সম্পাদক বিশ্বরাজ বিশ্বাস ওরফে ছোটন। ঘটনাটি উত্তর দিনাজপুর জেলার চাকুলিয়া থানার কানকি এলাকার। জানা গিয়েছে গত ১৩ জুলাই তৃণমূল নেতা ভোলানাথ রায়কে মারধর করার অভিযোগ উঠে জেলা বিজেপি সম্পাদকের বিরুদ্ধে। এই ঘটনায় চাকুলিয়া থানায় বিজেপি নেতার বিরুদ্ধে লিখিত অভিযোগ করেন তৃণমূল নেতা ভোলানাথ রায়। অভিযোগের ভিত্তিতে রবিবার রাতে বিজেপি নেতাকে গ্রেফতার করে চাকুলিয়া থানার পুলিশ। সোমবার অভিযুক্ত বিজেপি নেতাকে ইসলামপুর মহকুমা আদালতে তোলে পুলিশ। অভিযুক্ত বিজেপির নেতার দাবি তৃণমূল নেতার সাথে ঝামেলার কারণে তার বিরুদ্ধে অভিযোগ করেন ওই তৃণমূল নেতা। তবে তাকে চক্রান্ত করে শান্ত এলাকাকে অশান্ত করার চেষ্টা করছে তৃণমূল। বিজেপি জেলা সহ সভাপতি সুরজিৎ সেন বলেন, আজ ওই বিজেপির নেতার বাবার শেষকৃত্যের কাজ ছিল। আমরা পুলিশকে অনেক অনুরোধ করি কিন্তু পুলিশ কোন কথা শুনলো না। একজন তৃণমূল নেতার সাথে বচসা করায় ওই বিজেপির নেতার বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় মামলা দিয়ে কোর্টে পাঠিয়েছে পুলিশ। পুলিশকে দিয়ে বিজেপিকে চক্রান্ত করে শেষ করে দেওয়ার চেষ্টা করছে তৃণমূল। তবে এভাবে বিজেপিকে দমন করা যাবে না। বরং আরও এগিয়ে যাবে বিজেপি বলে জানান তিনি।

ছিনতাইয়ের অভিযোগে গ্রেফতার

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৪ জুলাই ঃ ডাকাতির অভিযোগে পুলিশের হাতে গ্রেফতার হল তৃণমূল কংগ্রেসের নির্বাচিত গ্রাম পঞ্চায়েতের সদস্যের ছেলে। ঘটনাটি ঘটেছে বীরভূমের তারাপীঠ থানার সন্ধ্যাজোল গ্রামে। ধৃতের নাম আসমত আলি ওরফে ভিক্টর। ধৃতের বাবা গাফ্ফার শেখ রামপুরহাট ২ নম্বর ব্লকের বুধিগ্রাম গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের নির্বাচিত সদস্য। সোমবার ভোররাতে ভিক্টরকে বাড়ি থেকে গ্রেফতার করে মল্লারপুর থানার পুলিশ। যদিও ভিক্টরের বাবা গাফ্ফারের দাবি ছেলেকে মিথ্যে মামলায় ফাঁসানো হয়েছে। তিনি বলেন, ভোরের দিকে সবাই ঘুমাচ্ছিল। এক প্রতিবেশী মারা যাওয়ায় আমি একটু আগে উঠে মৃতের বাড়ি যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলাম। সেসময় তারাপীঠ এবং মল্লারপুর থানার পুলিশ এসে ছেলেকে নিয়ে যায়। পুলিশ জানায়, একটি চুরির ঘটনায় ছেলে যুক্ত রয়েছে। আমার ছেলে নির্দোষ। তাকে মল্লারপুর থানায় নিয়ে গিয়ে প্রচণ্ড মারধর করা হয়েছে। এমনকি ছেলেকে আগ্নেয়াস্ত্র ও বোমা রাখা সহ ডাকাতির অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। তার ক্ষোভ, এলাকার বিধায়ক সহ তৃণমূল কংগ্রেসের উচ্চ নেতাদের কাছে গিয়েও কোন লাভ হয়নি। সকলে মুখ ফিরিয়ে নিয়েছে। পুলিশ আমাকে যথেচ্ছ অপমান করেছে। তবে এনিয়ে মুখ খুলতে চায়নি পুলিশ।

সীমান্তে গ্রেফতার পাঁচ বাংলাদেশী

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ জুলাই ঃ গোপন সূত্রের ভিত্তিতে শিলিগুড়ি এনজেপি স্টেশন সংলগ্ন এলাকা থেকে পাঁচজন বাংলাদেশী মহিলা সমেত তিনজন পাচারকারীকে গ্রেফতার করলো শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ এবং এনজেপি থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে শনিবার এই পাঁচ জন মহিলাকে নিয়ে ঢাকা থেকে রওনা হয় পাচারকারীরা, শনিবার সারারাত পায়ে হেঁটে তারা ভারতীয় সীমান্তের কাছে এসে পৌঁছায়। উত্তর দিনাজপুর জেলার দোমোহনা এলাকার ভারত-বাংলাদেশ সীমানা দিয়ে এই পাঁচ জন মহিলা ভারতে প্রবেশ করে। সেখান থেকে তাদেরকে পাচারকারীরা নিয়ে আসে এনজেপি স্টেশন সংলগ্ন এলাকায়। সেই সময় শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপের কাছে গোপন সূত্রে খবর আসে এবং সেখান থেকেই তাদেরকে গ্রেফতার করা হয়।

খারিফ চাষের জন্য আগেই জল ছাড়তে চলেছে ডিভিসি

সুজিত দত্ত, বর্ধমান, ২৪ জুলাই ঃ বর্ষার মরশুম শুরু হলেও পর্যাপ্ত বৃষ্টির অভাব রয়েছে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে। ফলে বর্ষায় খারিফ চাষের ক্ষেত্রে দেখা দিয়েছে জলাভাব। দুই বর্ধমান, বাঁকুড়া, হুগলি ও হাওড়া দামোদর উপকূলবর্তী এই পাঁচ জেলায় যারা খারিফ শস্য চাষের জন্য সেচের জলের উপর নির্ভরশীল তাদের জন্য আশার বাণী শোনালো ডিভিসি কর্তৃপক্ষ। দামোদর উপকূলবর্তী এলাকায় খারিফ শস্যের জন্য ২৭ জুলাই থেকেই জল ছাড়ার সিদ্ধান্ত নিল ডিভিসি কর্তৃপক্ষ ও পাঁচ জেলার জেলা প্রশাসনের আধিকারিকরা। সোমবার বর্ধমানের সার্কিট হাউসে এই নিয়ে একটা উচ্চ পর্যায়ের বৈঠকের আয়োজন করা হয়। ওই বৈঠকে উপস্থিত ছিলেন ডিভিসির ডিভিশনাল কমিশনার বিজয় ভারতী। ডিভিশনাল কমিশনার ছাড়াও ওই বৈঠকে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শম্পা ধাড়া, জেলা শাসক প্রিয়াঙ্কা সিংলা (আই এ এস), মেম্বার সেক্রেটারি সেন্ট্রাল ওয়াটার কমিশনের ডায়রেক্টর শশী রাকেশ সহ পাঁচ জেলার অতিরিক্ত জেলাশাসক ও জেলা পরিষদের কৃষি ও সেচ কর্মাধ্যক্ষগন। দামোদর ভ্যালি কর্পোরেশনের ডিভিশনাল কমিশনার বিজয় ভারতী জানান, খারিফ মরশুমে চাষের সুবিধার জন্য আগামি ২৭ জুলাই থেকে টানা সাতদিন জল ছাড়বে ডিভিসি। মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে প্রায় ৭০-৭৫ হাজার একর ফিট জল ছাড়া হবে। ইতিমধ্যে ডিভিসির মাইথন জলাধারে ৪৬১ফুট এবং পাঞ্চেত জলাধারে ৪০০ফুট জল মজুত রয়েছে। ২ আগস্ট পর্যন্ত জল ছাড়ার পর একটা রিভিউ মিটিং হবে। যদি দেখা যায় ডিভিসির ছাড়া জল পর্যাপ্ত নয়, তাহলে ওই রিভিউ মিটিং অনুযায়ী আরও তিন দিন টানা জল ছাড়া হবে। তবে এর মধ্যে যদি পর্যাপ্ত বৃষ্টি শুরু হয় তাহলে আর জল ছাড়ার প্রয়োজন হবে না। যদিও আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে চলতি মাসের ২৯ ও ৩০ তারিখ দক্ষিনবঙ্গে ভারি বৃষ্টির সম্ভাবনা আছে বলে জানিয়েছেন শ্রী ভারতী। জেলা সভাধিপতি শম্পা ধাড়া জানিয়েছেন, জেলায় ৫ লক্ষ ৭৭ হাজার একর চাষ হবে। অন্যান্যবারের তুলনায় চাষের পরিমান এবারে কিছুটা বেড়েছে। যেহেতু পর্যাপ্ত বৃষ্টি এখনি হয় নি তাই কিছুটা জলাভাব তো রয়েছেই। এদিকে চাষ শুরু হয়েছে। তাই দামোদর উপকূলবর্তী পাঁচ জেলার চাষীদের সুবিধার জন্য ২৭ জুলাই থেকে জল ছাড়বে ডিভিসি। ২৯ ও ৩০ জুলাই বৃষ্টি হলে ভাল, না হলে আরও তিনদিন জল ছাড়ার আবেদন জানানো হয়েছে ডিভিসি কর্তৃপক্ষকে বলে জানিয়েছেন শম্পা দেবী।

ভাঙা কালভার্টে সমস্যায় এলাকাবাসী

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৪ জুলাই ঃ বৃষ্টিতে ভেঙে গিয়েছে কালভার্ট। দ্রুত মেরামতের দাবী জলপাইগুড়ি জেলার রাজগঞ্জের হুদুগছ এলাকার বাসিন্দাদের। চরম সমস্যায় স্কুল পড়ুয়া থেকে নিত্যযাত্রী এবং এলাকাবাসীরা। অতি বৃষ্টির ফলে ভেঙেছে কালভার্টটি। গ্রামের যোগাযোগ ব্যবস্থা বন্ধ হয়ে গেছে প্রায়। প্রশাসনের কর্তারা এসে দেখে গেলও কোনো সুরাহা হয়নি বলে অভিযোগ। এক প্রকার এলাকায় যোগাযোগ বিচ্ছিন্ন বলা যেতে পারে। স্কুল খোলা রয়েছে কিন্তু খুদে পড়ুয়ারা রাস্তাঘাটে খেলাধূলা করছে। জিজ্ঞাসা করতে তাদের মুখে একটাই শব্দ স্কুলে তো

যাওয়ার ইচ্ছা রয়েছে কিন্তু যাব কোন দিক দিয়ে? রাস্তা তো বন্ধ। এলাকাবাসীরা জানান, কালভার্ট ভেঙে যাওয়ায় আমরা বাজার হাট করতে পারছি না। ফলে রান্নাবান্না খাওয়া-দাওয়ার সমস্যা হচ্ছে। আজ প্রায় দুই সপ্তাহ পার হয়ে গেলেও কোন ব্যবস্থা করেনি প্রশাসন বলে অভিযোগ বাসিন্দাদের। জীবনের ঝুঁকি নিয়ে পারাপার হতে হচ্ছে। গ্রামের কিছু মানুষ দু-তিনটি বাঁশ দিয়ে কোনোমতে এপার-ওপার যাতায়াতের ব্যবস্থা করেছে ঠিকই কিন্তু তা দিয়ে যেতে গেলেই বারবার পড়ে যেতে হয় জলের মধ্যে। ইতিমধ্যে বেশ কিছুজন জলে পড়েও গিয়েছে। জানিনা কবে এই ব্রিজের সুব্যবস্থা হবে। বিডিও, ডিএম এমন কি মন্ত্রী এসেও দেখে গিয়েছে এই ব্রিজের পরিস্থিতি। কিন্তু আদৌ কালভার্ট তৈরি হবে কি না তা বোঝা মুশকিল। কতদিন যে আমাদের এভাবেই চলতে হবে সেটাও জানি না। ছেলে-মেয়েরা স্কুলে যেতে পারছে না। মাঠে-ঘাটে খেলাধুলা করছে, তাদেরও তো ভবিষ্যৎ নষ্ট হচ্ছে। যদিও এ বিষয়ে হুদুগছ প্রাইমারি স্কুলের শিক্ষক জানান, কালভার্ট ভেঙে যাওয়ায় সেখানকার ১০-১২ জন শিশু স্কুলে আসতে পারছে না। ফলে তারা পড়াশোনার দিক থেকে পিছিয়ে যাচ্ছে। কোভিডের কারণে বেশ কিছুদিন ছিল স্কুল বন্ধ। এরপরও স্কুল চালু হলেও একের পর এক সমস্যার কারণে স্কুলের ছুটি রয়েছে। কিন্তু এরই মধ্যে আবার যদি এই শিশুরা কালভার্টের কারণে স্কুলে না আসতে পারে তাহলে এদের ভবিষ্যৎ দিন দিন অন্ধকারের দিকে চলে যাবে। প্রশাসনের কাছে আমি নিবেদন করছি যে যাতে তাড়াতাড়ি এই কালভার্টের বিকল্প ব্যবস্থা করা হোক। যাতে শিশুরা পুনরায় স্কুলে আসতে পারে। রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায় টেলিফোনে জানান ইতিমধ্যেই বিডিও বিষয়টি দেখছেন। তিনিও খুব শীঘ্রই সমস্যা সমাধানের চেষ্টা করছেন।

কারখানার দূষণে অতিষ্ঠ হয়ে বিক্ষোভে ছাত্র-ছাত্রীরা

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৪ জুলাই ঃ দূষণে অতিষ্ঠ হয়ে কারখানার গেটের সামনে অবস্থান করে বিক্ষোভ দেখাল ছাত্র-ছাত্রীরা। ছাতনা থানার জোড়হীড়া গ্রামে অঙ্কিত মেটাল এন্ড স্পঞ্জ আয়রন ফ্যাক্টরি লিমিটেড নামে একটি ক্ষুদ্র ইস্পাত কারখানায় এই ঘটনা ঘটে। এই কারখানার বিরুদ্ধে দীর্ঘদিন ধরে দূষণের অভিযোগ তুলে আসছেন এলাকার বাসিন্দারা। এবার কারখানা সংলগ্ন জোড়হীড়া এসসি হাইস্কুল কর্তৃপক্ষ মারাত্মক অভিযোগ তুললেন ওই কারখানার বিরুদ্ধে। ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক সন্তোষ কুমার পাত্র এই মর্মে লিখিতভাবে অভিযোগ জানিয়েছেন কারখানা কর্তৃপক্ষ সহ সংশ্লিষ্ট মহলে। তিনি বলেন, কারখানা থেকে অতিমাত্রায় দূষণ ছড়াচ্ছে। হরদম সীসা যুক্ত কালো ধোঁয়া নির্গত হয়। ফলে স্কুলের প্রতিটি ক্লাসরুমের মেঝে ও টেবিল চেয়ারে কালো আস্তরন পড়ে যায়। প্রতিদিন জল ঢেলে ধোয়া-মোছা না করলে পড়ুয়ারা বেঞ্চে বসতে পারে না। বিদ্যালয় চত্বরে যেসব গাছপালা রয়েছে সেগুলি কালি মেখে রুগ্ন হয়ে রয়েছে। অভিযোগ পত্রে সন্তোষ বাবু মারাত্মক অভিযোগ তুলেছেন। তিনি বলেন, ওই কারখানার বিরুদ্ধে অনেকদিন থেকেই অভিযোগ উঠেছে। এলাকাবাসী অনেকবার বিক্ষোভ দেখিয়েছেন। কিন্তু ইদানিং লক্ষ্য করছি বিদ্যালয়ের অধিকাংশ পড়ুয়া শ্বাসকষ্টে ভুগছে। অনেকের চর্মরোগ দেখা দিয়েছে। এই অবস্থায় বিদ্যালয়ের দায়িত্ব অনুসারে অভিযোগ জানাতে বাধ্য হয়েছি। এলাকাবাসীর অভিযোগ কারখানায় দূষণ নিয়ন্ত্রণের জন্য ইএসপি মেসিন লাগানো বাধ্যতামূলক। এখানেও লাগানো থাকলেও চালানো হয় না, যখন দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের কর্তারা আসেন তখন চালানো হয়। দিনের বেলা কখনো কখনো মেসিন চালু থাকলেও রাতের বেলা কোনোদিন ইএসপি মেসিন চালু থাকে না। উল্লেখ্য ইএসপি মেসিন চালালে অত্যধিক বিদ্যুৎ খরচ বাঁচাতে মেশিন বন্ধ থাকে। কর্তৃপক্ষ মুনাফার লোভে পরিবেশকে দূষিত করছে বলে অভিযোগ। এই বিষয়ে কারখানা কর্তৃপক্ষের প্রোজেক্ট ম্যানেজার গোবিন্দ সুলতানিয়া বলেন, অভিযোগ পেয়েই আমাদের ডিরেক্টর এখানে এসে সব দেখে গেছেন। এবিষয়ে দুদিনের মধ্যে ব্যবস্থা নেওয়া হবে। স্কুলের ছাত্র-ছাত্রীদের প্রতি আমাদেরও দায়বদ্ধতা আছে। তাই এনিয়ে কোনও অজুহাত খাড়া করতে চাই না বলে এক প্রকার তাদের গাফিলতি স্বীকার করে নিলেন। অন্যদিকে ছাতনার বিজেপি বিধায়ক সত্যনারায়ণ মুখোপাধ্যায় বলেন, ওই কারখানার বিরুদ্ধে পরিবেশ দূষণের অভিযোগ রয়েছে বহুদিন ধরে। এ নিয়ে গত দু'বছরে আমিও বহুবার দূষণ নিয়ন্ত্রণ বিষয়ে কর্তৃপক্ষকে বলেছি। কিন্তু ওরা শাসক দলের নেতাদের ম্যানেজ করে চালিয়ে যাচ্ছে।

পূর্ব রেলওয়ে

ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, ডিআরএম বিল্ডিং, রেলওয়ে স্টেশনের সন্নিকটে, হাওড়া-৭১১১০১ [ডিইএন/১/এইচডব্লুএইচ-এর অধিক্ষেত্রে] নিম্নলিখিত কাজের জন্য সেল/সিপিডব্লুডি/এসইবি/এমইএস অথবা অন্য কোনও সরকার অধিগৃহীত সংস্থায় রেজিস্ট্রিকৃত সমেত অনুরূপ ধরনের কাজে অভিজ্ঞতা এবং প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিপন্ন এরূপ টেন্ডারদাতার থেকে অনলাইনে নিম্নলিখিত ই-টেন্ডার আহ্বান করছেন : ক্রমসং-১। এনআইটি নম্বর : ১১০_২০২৩-২৪, তারিখ : ২১.০৭.২০২৩। কাজের বিবরণ : এইএন/এসএসইই-এর অধীনে দিলুয়া-তে ইআরএইচ অফিসের মেরামতি ও সংস্কার। আনুমানিক ব্যয় : ১৬,৫৮,৭৭৭.২৫ টাকা। বায়নামূল্য : ৩৩,২০০ টাকা। টেন্ডার ফর্মের মূল্য : শূন্য। সম্পাদনের সময়সীমা : ০৪ (চার) মাস। ক্রমসং-২। এনআইটি নম্বর : ১১৫_২০২৩-২৪, তারিখ : ২১.০৭.২০২৩। কাজের বিবরণ : এইএন/টিআর/এইচডব্লুএইচ-এর অধীনে এসএসই/পি.ওয়ে/এইচডব্লুএইচ-এর সেকশনে টিটিআর-১৫ সেট হাওড়া ইয়ার্ডে (টিটিআর ৫২ কেজি ১ ইন ১২ (সিএস+সিএমএসসি)) এইচডব্লুএইচ- ৮৬বি (এইচডব্লুএইচ-এসআরসি), ৫২ কেজি ১ ইন ৮.৫ (সিএস+সিএমএসসি) এইচডব্লুএইচ- ৮৫বি, ১০৮ বি, ৮১বি (এইচডব্লুএইচ-এসআরসি), এইচডব্লুএইচ- ৮২বি, ৮বি, ১৪৪৫, ১৫০বি, ২০১৫, ২০৩, ৮১৫, ১৪৪বি, ৮০বি, ১১০বি, ১৫১ (এইচডব্লুএইচ-বিএলওয়াই) = ১৫ সেট। আনুমানিক ব্যয় : ১,২২,৩৭,১৯৯.২০ টাকা। বায়নামূল্য : ২,১১,২০০ টাকা। টেন্ডার ফর্মের মূল্য : শূন্য। সম্পাদনের সময়সীমা : ১২ (বারো) মাস। যদি টেন্ডার আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত বন্ধের তারিখ কোনো কারণবশতঃ ঘোষিত ছুটির/বন্ধের/বর্মঘটের দিন হয়, সেক্ষেত্রে অনলাইনে টেন্ডার বন্ধের তারিখের পরিবর্তন হবে না কারণ আইআরইপিএস-এর গুয়েবসাইটে আবেদনের ক্ষেত্রে টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনো প্রস্তাব দাখিলের অনুমতি নেই। যদিও অনলাইনে টেন্ডার খোলা হবে পরবর্তী কাজের দিন। টেন্ডার বন্ধের তারিখ ও সময় : ১৪.০৮.২০২৩ তারিখে দুপুর ২.০০টা। টেন্ডারের বিশদ বিবরণ গুয়েবসাইটে www.ireps.gov.in-এ পাওয়া যাবে। উপরোক্ত গুয়েবসাইটে অনলাইন অফার জমা করতে টেন্ডার-দাতাদের অনুরোধ জানানো হচ্ছে। কোনো ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না।

(HWH-181/2023-24)

টেন্ডার বিজ্ঞপ্তি গুয়েবসাইট www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এও পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন : @EasternRailway easternrailwayheadquarter

PUBLIC NOTICE

NOTICE is hereby given that the Certificate Nos. 20009 – 20011, 67038 – 67039, 155564, 8007729 – 8007730 for Equity shares No's 166 of PHILIPS INDIA LIMITED standing in the names of Shanadchandra Krishnaprasad Desai and Kumud Shanadchandra Desai have been lost or mislaid and undersigned have applied to the Company to issue duplicate Certificates for the said shares.

Any person who has a claim in respect of the said shares should lodge such claim with the Company at its registered address 3rd Floor, Tower A, Dlf It Park, 08 Block AF, Major Arterial Road, New Town (Rajarhat), Kolkata, West Bengal – 700156 within 15 days from this date else the Company will proceed to issue duplicate Certificates.

Names & Address of Applicants

Date: 25/07/23 Ms. Archana S. Desai and Ms Sadhana Desai Ahuja

51, Buena Vista Gen. J Bhosale Marg Nariman Point Mumbai 400 021

Durgapur Municipal Corporation

City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman

e-Tender Notice

1) **Name of the work :** Construction of Concrete slab in front of Durgapur Muslim Welfare Society Ward No.-22

e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-78/23-24 (2ND CALL)
Tender ID : 2023_MAD_550533_1 • Estimated Amount : Rs. 1,49,672.00

2) **Name of the work :** Improvement of Earthen Road by cement concrete of 9th, 11th and 13th street connecting within Ward No.-04 under DMC

e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-47/23-24 (2ND CALL)
Tender ID : 2023_MAD_550521_1 • Estimated Amount : Rs. 3,06,451.00

3) **Name of the work :** Improvement of Light Traffic Road by Moorum from Anandapur to Namo Sagarbhanga Rail Gate Ward No.-43 under DMC area

e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-81/23-24 (2ND CALL)
Tender ID : 2023_MAD_550501_1 • Estimated Amount : Rs. 4,81,289.00

4) **Name of the work :** Construction of concrete road a culvert at Banagram Ramkrishna Seba Sangha Ward-35 under DMC area

e-Tender No. : WBDMC/COMM/PW/NIT-108/23-24 (2ND CALL)
Tender ID : 2023_MAD_550468_1 • Estimated Amount : Rs. 2,81,502.00

Last Date : 02-Aug-2023 upto 05:00 p.m.
For details : wbtenders.gov.in

Executive Engineer, M.E.DTE
Govt. of W.B., Posted at DMC

লিখামি কনসালন্টিং লিমিটেড

CIN: L45209WB1982PLC034804

রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী,
রুম নং.১, ২য় ফ্লোর, সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯, ভারত
ই-মেলঃ info@likhamiconsulting.com, ওয়েবসাইট ঃ www.likhamiconsulting.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী
১ম ত্রৈমাসিক সমাপ্তে ৩০ জুন, ২০২৩
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(লক্ষ টাকায়)

ক্রম নং.	বিবরণী	ত্রৈমাসিক শেষে ৩০ জুন ২০২৩	পূর্বেকার ত্রৈমাসিক শেষে ৩১ মার্চ ২০২৩ পূর্বেকার বছর (দ্রষ্টব্য নোট নং. ২)	চলতি ত্রৈমাসিক শেষে ৩০ জুন ২০২২	বছর শেষে ৩১ মার্চ ২০২৩
		অনিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত
১	মোট আয়	১২.৯০০	১২.৭৫০	৩৪.৬৭৩	৬১.৯৪১
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর, ব্যতিক্রমী এ